

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৪০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৯৫ : মাথার কিছু অংশ মুণ্ডন করা ও কিছু অংশ ছেড়ে রাখা অবৈধ। পুরুষ সম্পূর্ণ মাথা মুণ্ডন করতে পারে; কিন্তু নারীর জন্য তা বৈধ নয়

(295) بَابُ النَّهْيِ عَنِ الْقَزَعِ وَهُوَ حَلْقُ بَعْضِ الرَّأْسِ دُوْنَ بَعْضٍ، وَإِبَاحَةِ حَلْقِهِ كُلِّهِ لِلرَّجُلِ دُوْنَ الْمَرْأَة

আরবী

وَعَنْ عَبدِ اللهِ بنِ جَعفَرِ رَضِيَ اللهُ عَنهُمَا : أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم، أَمْهَلَ آلَ جَعْفَر ثَلاَتًا ثُمَّ أَتَاهُمْ فَقَالَ: «لاَ تَبْكُوا عَلَى أَخِي بَعْدَ اليَوْمِ» ثُمَّ قَالَ: «ادْعُوا لِي بَنِي أَخِي» فَجِيءَ بِنَا كَأَنَّنَا أَفْرُخُ، فَقَالَ: «ادْعُوا لِي الحَلاَّقَ» فَأَمَرَهُ، فَحَلَقَ رُوُّوسَنَا . رواه أَبُو داود بإسناد صحيح عَلَى شرط البخاري ومسلم

বাংলা

৩/১৬৪৮। আব্দুল্লাহ ইবনে জাফর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাফরের পরিবারকে [তার শাহাদত বরণের সময় শোক পালনের উদ্দেশ্যে] তিনদিন পর্যন্ত অবকাশ দিয়েছিলেন। তারপর তিনি তাদের কাছে এসে বললেন, "তোমরা আজ থেকে আমার ভাইয়ের জন্য কান্না করবে না।" তারপর বললেন, "আমার জন্য আমার ভাইপোদেরকে ডেকে দাও।" সুতরাং আমাদেরকে [রসুলুল্লাহ-এর সামনে] এমন অবস্থায় উপস্থিত করা হল, যেন আমরা পাখীর ছানা। অতঃপর তিনি বললেন, "নাপিত ডেকে নিয়ে এসো।" [সে উপস্থিত হলে] তাকে [আমাদের চুল কামানোর জন্য] আদেশ করলেন। সে আমাদের মাথা নেড়া করে দিল। [আবু দাউদ, বুখারী-মুসলিমের শর্তানুযায়ী বিশুদ্ধ সনদ-সূত্রে] [1]

English

(295) Chapter: On Prohibition of Shaving a part of Head

'Abdullah bin Ja'far (May Allah be pleased with them) said:

The Prophet (ﷺ) gave respite for three days to the family of Ja'far (after his martydom). Then he came and said, "Don't weep for my brother after this day." He said, "Bring all of my nephews to me." We were accordingly



brought as if we were chickens. Then he said, "Call for me a barber." He directed him to shave our heads which he did.

[Abu Dawud].

Commentary: Ja`far was the cousin of the Prophet (PBUH) and he was martyred in the battle of Mu'tah. Although martyrdom is an honour but even then the bereaved family does feel the shock of the loss. For this reason, the Prophet (PBUH) permitted them to give vent to their grief for three days. It should not, however, be taken to mean that he allowed them to lament and wail, because that is prohibited. What he actually allowed them was the natural weeping which does occur when people come for condolence and speak of the deceased. Such expression of grief is permissible after a period of three days also.

Therefore, what the Prophet (PBUH) had advised them was not in the nature of unlawful but natural. The children of the deceased called themselves "chickens" as they were greatly enervated by the tragedy. This Hadith has been mentioned here to confirm the validity of shaving the hair of the head, especially of children, although keeping bobbed hair is more meritorious because the Prophet (PBUH) himself did so. Bobbed hair are cut short and allowed to hang loosely.

ফুটনোট

[1] আবূ দাউদ ৪১৯২, নাসায়ী ৫২২৭, আহমাদ ১৭৫৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন